

মুগাড়া

পিবিআইয়ের দাবি

জেল থেকে নুসরাতকে পুড়িয়ে মারার নির্দেশ দেন অধ্যক্ষ সিরাজ

প্রকাশ : ১৩ এপ্রিল ২০১৯, ১৫:১৮ | অনলাইন সংক্রান্ত

 যুগান্তর রিপোর্ট



অধ্যক্ষ সিরাজউদ্দৌলা
জেল থেকে নুসরাতকে
পুড়িয়ে মারার নির্দেশ
দেন বলে দাবি করেছে
পুলিশ ব্যরো অব
ইনভেস্টিগেশন
(পিবিআই)।

শনিবার (১৩ এপ্রিল)
দুপুর সাড়ে ১২টায়
রাজধানীর ধানমণির ৪
নম্বর রোডে অবস্থিত
নিজ কার্যালয়ে অনুষ্ঠিত
সংবাদ সম্মেলনে এ
দাবি করে পিবিআই।

সংবাদ সম্মেলনে
নুসরাত হত্যার ঘটনা
তদন্তের সর্বশেষ অবস্থা
তুলে ধরেছেন মামলার
তদন্তকারী সংস্থা

পিবিআইয়ের উপমহাপরিদর্শক (ডিআইজি) বনজ কুমার মজুমদার।

সংবাদিকদের বনজ কুমার বলেন, ‘ঘটনার দিন আনুমানিক সকাল ৯টা থেকে সাড়ে ৯টায় ঘটনাস্থলে ছিলেন নূর উদ্দিন, শাহদাত হোসেন শামীম, জাবেদ হোসেন, হাফেজ আবদুল কাদের এবং আরও কয়েকজন।’

তদন্তের স্বার্থে তাদের নাম বলেননি পিবিআইপ্রধান।

তিনি বলেন, ‘যৌন নির্যাতনের মামলা হওয়ায় আলেম সমাজকে হেয় করা হয়েছে- এই ধরনের যুক্তি দিয়ে অধ্যক্ষ সিরাজ জেলে থেকেই তার সাঙ্গপাঞ্জোদের নুসরাত জাহান রাফিকে পুড়িয়ে মারার নির্দেশ দেন।’

বনজ কুমার আরও বলেন, ‘নুসরাতকে পুড়িয়ে মারার আরও একটি কারণ আমরা জেনেছি। তা হলো- নুসরাতকে মামলার এজহারভুক্ত তৃতীয় আসামি শাহদাত প্রেমের প্রস্তাব দিয়েছিল। তবে সে প্রস্তাব নুসরাত ফিরিয়ে দেয়। বিষয়টি মেনে নিতে পারেননি শাহদাত। মনে মনে প্রচঙ্গ ক্ষোভ জন্মে তার। নুসরাতকে পুড়িয়ে মারার পেছনে সেই আক্রেশটাও কাজ করেছে।’

সংবাদ সংগ্রহনে নুসরাত হত্যা মামলায় এজাহারভুক্ত নয় আসামির মধ্যে আটজনকে গ্রেফতার করা হয়েছে বলে তথ্য দেন তিনি।

গ্রেফতারদের মধ্যে নূর উদ্দিন হত্যাকাণ্ডের সাথে জড়িত থাকার বিষয়ে স্বীকার করে বিস্তারিত তথ্য দিয়েছে বলে জানান বনজ কুমার।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, আডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।